আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২০তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ১৫সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ |
| স্থান | : | কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন<br>(আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন) |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী সহ নগরীর গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৮ আগস্ট ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৯তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব খালেদ মাহমুদগত সভায় গৃহীত বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগ ওয়ারী গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থাপন করেনএ বিষয়ে বিভাগ ওয়ারী আলোচনা আহবান জানান।

চট্টগ্রাম ওয়াসার নির্বাহী প্রকৌশলী জনাব সজীব বড়ুয়া বলেন, মোহরার ৫নং ওয়ার্ডের সিএন্ডবি এলাকায় চট্টগ্রাম ওয়াসা কর্তৃক ফুটপাতের উপর নির্মিত দেয়ালসহ স্থাপনা ওয়াসার নিজ উদ্যোগে অপসারণের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে এবং তা সেপ্টেম্বর মাসের মধ্যেই অপসারণের নিশ্চয়তা প্রদান করেন। তিনি অনুমতিবিহীন সড়ক কর্তন ও সুয়্যারেজ প্রকল্পের কারণে তৎসংলগ্ন এলাকা জলাবদ্ধতা ও পরিবেশ দুষণের সম্ভাবনার বিষয়ে সভায় যে আলোচনা হয়েছে তা নিরসনে প্রকল্পের সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাদের অবহিত করবেন মর্মে অভিমত ব্যক্ত করেন।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রকৌশলী মোঃ খোরশেদ আলম চৌধুরী বলেন,রাস্তা সম্প্রসারনের সময় প্রকল্পের অভ্যন্তরে বিদ্যমান ইউটিলিটি সেবা সমূহ স্থানান্তরের জন্য বাজেট দেওয়া হলে প্রকল্প বাস্তবায়নের সময় অগ্রাধিকার ভিত্তিতে বৈদ্যুতিক পোল স্থানান্তর সম্ভব হয়।

চট্টগ্রাম মহানগরীর যে সকল স্থানে সড়কের অভ্যন্তরে বৈদ্যুতিক পোল যা স্থানান্তরিত বা অপসারিত হয়নি তার সুনির্দিষ্ট তালিকা প্রস্তুত করে প্রেরণ করলে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চলমান প্রকল্পের মাধ্যমে দ্রুত পোল সমূহ স্থানান্তর করতে সক্ষম হবে মর্মে সভাকে অবহিত করেন।

চট্টগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার জনাব এহসান মুরাদ বলেন, বারই পাড়া খাল খনন প্রকল্পের মালিকানা জটিলতা নিরসন করে ভূমি মূল্য পরিশোধের কার্যক্রম সর্বোচ্চ গতিতে এগিয়ে নেয়া হচ্ছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, সিডিএ কর্তৃক নির্মিত এলিভেটেড এক্সপ্রেস ওয়ের লালখানবাজার থেকে টাইগারপাস অংশেরনির্মাণ পরিকল্পনা আগামী সাধারণ সভায় উপস্থাপনের জন্য সিডিএকে পত্র প্রেরণ করা হবে।এ অংশে ড্রেন নির্মাণের কাজ আপাতত বন্ধ রাখা দরকার।সেবক কলোনীর সেবকরা তাদের জন্য তৈরিকৃত ফ্ল্যাটের আকার বৃদ্ধির আবেদন জানিয়েছে। বারইপাড়া খাল খননের জন্য ভূমি অধিগ্রহনের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য এলএ. শাখার সাথে যোগাযোগ করা হচ্ছে। বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের টার্মিনাল অংশে ভূমি বুঝিয়ে দেয়া সাপেক্ষে ২০২৩ সালের মধ্যে প্রকল্পটির কাজ সম্পন্ন করা সম্ভব হবে। ২,৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে ৩৬ টি উপপ্রকল্পের বাস্তবায়নের কাজ শুরু হয়েছে।প্রকল্পের কাজে গুণগত মান অক্ষুণ্ন রাখার জন্য কনসালটেন্ট নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা হচ্ছে। তিনি মাননীয় মেয়র দায়িত্ব গ্রহণের পর হতে দ্রুততম সময়ের মধ্যে প্রকৌশল বিভাগের পদোন্নতি ও নিয়োগের কার্যক্রম সম্পন্ন করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

যান্ত্রিক বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মির্জা ফজলুল কাদের বলেন, যান্ত্রিক বিভাগের প্রয়োজনীয় ব্যাটারীর বাৎসরিক চাহিদা নিরূপন করে ০৬(ছয়) মাসের জন্য প্রয়োজনীয় ব্যাটারী ক্রয়ের নথি উপস্থাপিত হয়েছে। ২০(বিশ) টি কন্টেইনার মেরামতের ফাইল প্রস্তুত করা হয়েছে। ৪১ (একচল্লিশ) টি কন্টেইনার তৈরির জন্য দরপত্র আহবান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ৬১(একষট্টি) টি অকেজো গাড়ীর নিলাম সম্পন্ন হয়েছে। বাকি অকেজো গাড়ী গুলোর নিলাম প্রক্রিয়া চলমান রয়েছে।

প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম বলেন, চলতি ২০২২-২৩ অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স বাবদ বকেয়া ও হাল দাবি আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে ৪১৭,৭৩,৮২,২৫৪/-(চারশত সতের কোটি তিয়াত্তর লক্ষ বিরাশি হাজার দুইশত চুয়ান্ন) টাকা। তদমধ্যে বিগত ০২(দুই) মাসে ৬৫,০৮,৪২,২৪৭/-(পঁয়ষট্টি কোটি আটলক্ষ বিয়াল্লিশহ দুইশত সাতচল্লিশ) টাকা আদায় হয়েছে যা মোট লক্ষ্য মাত্রার ১৬(ষোল) ভাগ। ট্রেড লাইসেন্সের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৩২,৮০,৭৬,৪০০/-(বত্রিশ কোটি আশি লক্ষ ছিয়াত্তর হাজার চারশত) টাকা। তদমধ্যে বিগত ০২(দুই) মাসে আদায় হয়েছে ১৩,৮৬,৩৪,৮৪০/- (তের কোটি ছিয়াশি লক্ষ চৌত্রিশ হাজার আটশত চল্লিশ) টাকা যা মোট লক্ষ্য মাত্রার ৪২( বিয়াল্লিশ) ভাগ। বর্তমানে ২০১৭-১৮ সালের মূল্যায়নের ভিত্তিতে গৃহকর আদায় করা হচ্ছে। এ ক্ষেত্রে করদাতাদের অসন্তোষ থাকলে তা আপিলের মাধ্যমে নিরসন করার সুযোগ রয়েছে। মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশে করদাতাদের সুবিধার্থে ০৬(ছয়) টি আপিল বোর্ডের স্থলে ০৮(আট) টি আপিল বোর্ড স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বন্দর ব্যবহারকারীদের থেকে কর আদায়ের লক্ষ্যে খসড়া বিধি স্থায়ী কমিটি ও সাধারন সভার অনুমোদনের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরনের ব্যবস্থা করা হচ্ছে। ২৬(ছব্বিশ) টি আদায় যোগ্য খাতের মধ্যে মেলা ও ভোজের উপর কর আদায়ের প্রক্রিয়া চলমান রয়েছে। ই-রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব ও ট্রেড লাইসেন্স আদায়ের হার বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করা হচ্ছে।

ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব জনাব খালেদ মাহমুদ সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদনে তথ্য উপাত্ত সমূহ সুনিদিষ্ট ভাবে উল্লেখ করে যথাসময়ে উপস্থাপনের জন্য স্ব স্ব বিভাগকে নির্দেশনা দেন। তিনি প্রকল্পের কাজগুলো নিদিষ্ট সময়ের মধ্যে শেষ করার নিমিত্তে প্রকল্পের অর্ন্তভূক্ত কাজ সমূহকেআলাদা আলাদা ভাগে ভাগ করে তা বাস্তবায়নের সুনিদিষ্ট সময় নির্ধারণ করে সঠিক কর্মপরিকল্পনা তৈরির জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। তিনি বিগত সাধারণ সভার কার্যবিরণীতে অন্তর্ভুক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত

বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করেন। অত:পর পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১: ৭নংসংরক্ষিত আসনের কাউন্সিলর রুমকি সেনগুপ্ত বলেন, দেওয়ান বাজার খলিফা পট্রিতে অনুমতিবিহীন রাতের বেলায় রাস্তা কর্তন করা হয়েছে। তাছাড়া আসন্ন শারদীয় দূর্গোৎসবে দর্শনার্থীদের নিবিঘ্নে চলাচলের সুবিধার্থে এসব স্থানে রাস্তা কর্তন না করার জন্য ওয়াসাকে অনুরোধ জানান।

১.২: ৮নং শুলকবহর ওয়ার্ডের কাউন্সিলর জনাব মো: মোরশেদ আলম নগরীতে দীর্ঘদিন ধরে অবৈধ ভাবে দখল করে থাকা ফুটপাত থেকে দখলদারদের উচ্ছেদের মাধ্যমে নগরবাসীর নিরাপদে চলাচলের জন্য চসিকের নেতৃত্বে সফল ভাবে যে উচ্ছেদ কার্যক্রম পরিচালিত হচ্ছে তার জন্য মাননীয় মেয়রকে ধন্যবাদ জানান। তিনি ফুটপাতের উপর যাতে পূণরায় অবৈধ হকার, ভ্রাম্যমান দোকান স্থাপন করতে না পারে সেজন্য আইন শৃঙ্গলা রক্ষাকারী বাহিনী বিশেষ করে স্থানীয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভা আয়োজনের আহবান জানান। তিনি শুলকবহর ওয়ার্ডে অবৈধ অটো রিক্সা, অননুমোদিত সিএনজি টেক্সি বন্ধ করে অনাকাঙ্খিত চাঁদাবাজিসহ নানাবিধ অসংগতি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ প্রশাসনকে অনুরোধ জানান। তিনি চসিকের বিদ্যুৎ শাখাকে প্রশাসনিক পূর্ণবিন্যাস করে গতিশীলতা আনয়নে পদক্ষেপ নিয়ে অভিমত প্রদান করেন।

১.৩: ১৩নং পাহাড়তলী ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: ওয়াসিম উদ্দিন চৌধুরী বলেন, রাজস্ব আদায় বৃদ্ধির জন্য বছরের শুরুতে সভা করে নীতি-নির্ধারণী সিদ্ধান্ত নেবার কথা থাকলেও তা সম্পন্ন হয়নি। তিনি নগরীতে বিদ্যমান অবৈধ এলইডি টিভির সংযোগ বিচ্ছিন্নকরনে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। তিনি নগরীর বিভিন্ন স্থানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বরাদ্ধ না নিয়ে দোকান নির্মানের বিষয়ে সভাকে অবহিত করেন।

১.৪: ১৪নং লালখানবাজার ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবুল হাসনাত মো:বেলাল বলেন, লালখানবাজার এলাকায় এলিভেটেড এক্সপ্রেস ওয়ে প্রকল্পের অধীনে রাস্তা সম্প্রসারণের জন্য নালার উপর স্থায়ী স্ল্যাব নির্মাণ করার ক্ষেত্রে নালার ভিতর জমে থাকা আবর্জনা উত্তোলন না করে সরাসরি ঢালাই করা হচ্ছে। এতে নালাটি সম্পূর্ণ ভরাট হয়ে এলাকায় জলাবদ্ধতা তৈরি হবার সম্ভাবনা রয়েছে। তিনি এ বিষয়ে সিডিএ কে অবহিত করার জন্য সভাকে অনুরোধ জানান। তিনি চসিক এলাকায় অবস্থিত ড্রেন সমূহের সমীক্ষা পূর্বকপ্রতিবেদন প্রস্তুতের জন্যও আহবান জানান।

১.৫: ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: ইলিয়াছ বলেন, পাহাড়তলী গলাচিপা পাড়ায় সড়ক উন্নয়নের নিমিত্তে একটি বৈদ্যুতিক পোল স্থানান্তরের জন্য দুই মাসধরে পাহাড়তলী বিদ্যুৎ অফিসে ধর্ণা দেয়ার পরও কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। এ বিষয়ে তিনি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তিনি ওয়াসা কর্তৃক ২৬ ও ৩৭ ওয়ার্ডে বাস্তবায়নাধীন সুয়্যারেজ প্রকল্পের কারণে তার এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে এবং পরিবেশ ক্ষতির সম্মুখীন হবার সম্ভাবনা রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন।

১.৬: ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড কাউন্সিলর জনাব গোলাম মো: জোবায়ের চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ডে অবস্থিত বিভিন্ন সেবা সংস্থা সমূহ যথাযথ ভাবে সেবা প্রদান কল্পে কাউন্সিলরদের মাধ্যমে তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্রের মাধ্যমে বা তাদের সংস্থা প্রধানকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আমন্ত্রণ জানিয়ে অবহিত করণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন।

১.৭: ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর জনাব জহর লাল হাজারী চসিক এলাকায় অবস্থিত এতিমখানার শিশুদেরজেলা প্রশাসনের মাধ্যমে জন্ম নিবন্ধন সম্পন্ন করে তাদের প্রদানকৃত টিকার সাটির্ফিকেট প্রদানে যাতে বিঘ্ন না ঘটে সেক্ষেত্রে ব্যবস্থা গ্রহণে সভাকে অনুরোধ জানান।

১.৮: ৩৭ নং মুনিরনগর ওয়ার্ড কাউন্সিলর জনাব আবদুল মান্নান বলেন, তাঁর ওয়ার্ডে ওয়াসার সংযোগ না থাকায় নলকুপের পানিতে অতিমাত্রায় আয়রন ও লবণাক্ততার কারণে জনগণের নানাবিধ ভোগান্তি পোহাতে হচ্ছে। তিনি কবে নাগাদ ওয়াসার লাইন স্থাপন সম্ভবপর হবে তা জানাতে ওয়াসা প্রতিনিধিকে অনুরোধ করেন এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক বিভিন্ন ওয়ার্ডে রাস্তার উপর অবস্থিত পুরাতন পোলসমূহদ্রুত অপসারণের জন্য আহবান জানান।

১.৯: ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড কাউন্সিলর জনাব ছালেহ আহম্মদ চৌধুরী বলেন, পতেঙ্গা এলাকায় ওয়াসার সংযোগ প্রদানের জন্য দীর্ঘদিন ধরে আবেদন জানানোর পরেও কোন ধরণের ব্যবস্থা নেয়া হচ্ছে না। এ এলাকায় সাধারণ নাগরিক সুপেয় পানির অভাবে কষ্টকর জীবনযাপন করছে। তিনি অবিলম্বে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ওয়াসার প্রতিনিধিকে অনুরোধ জানান।

১.১০: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মোহাম্মদ রেজাউল বারি বলেন, চট্টগ্রামের উন্নয়নের স্বার্থে ইউটিলিটি সংস্থা সমূহ তাঁদের উন্নয়ন কাজ সমূহ নিজস্ব অর্থায়নে সম্পন্ন করবে মর্মে পূর্বের সিদ্ধান্ত ছিল এবং সেঅনুযায়ী সেবা সংস্থা সমূহ জনগুরুত্বপূর্ন কাজ সমূহ দ্রুততার সাথে সম্পন্ন করে জন দূর্ভোগ লাগব করে। যেহেতু সংশ্লিষ্ট সংস্থা থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভূমি ব্যবহারে কোন প্রকার চার্জ আদায় করা হয় না সেহেতু প্রকল্পেও সেবা প্রদানে বরাদ্দ রাখা হয় না। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওয়াতাধীন মার্কেট, ফোয়ারা ও গুরুত্বপূর্ণ স্থানে পোল সমূহে বিদ্যুৎ সংযোগ ও মিটার সরবরাহে বিদ্যুৎ বিভাগের দীর্ঘসূত্রীতা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি নাগরিক গুরুত্বপূর্ণ সেবা হিসাবে উপরোক্ত বিষয়ে বিদ্যুৎ বিভাগকে দ্রুততার সাথে পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

১.১১: চসিকের উপপ্রধান পরিচ্ছন্নতা কর্মকর্তা জনাব মোরশেদুল আলম চৌধুরী বলেন, নগরীর বিভিন্ন স্থানে দীর্ঘসময় ধরে বিদ্যুতের পোলগুলো ফেলে রাখার ফলে পরিচ্ছন্ন কাজে বিঘ্ন ঘটে এবং জলাবদ্ধতার সৃষ্টি হয়। তিনি বিদ্যুতের পোলসমূহ যত্রতত্র না রেখে নিদিষ্ট স্থানে রাখার জন্য বিদ্যুৎ বিভাগের প্রতি অনুরোধ জানান।

১.১২: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী ও বারইপাড়া খাল খনন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব ফরহাদুল আলম বারইপাড়া খালের অধিগ্রহণকৃত ভূমি মূল্য দ্রুত পরিশোধ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে জায়গাটুকু বুঝিয়ে দিয়ে খাল খননের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য জেলা প্রশাসনের প্রতিনিধিকে আহবান জানান।

১.১৩: ২৫০০ কোটি টাকার সড়ক উন্নয়ন প্রকল্পের পি ডি জনাব মোঃ গোলাম ইয়াজদান বলেন, সবার সার্বিক সহযোগিতা পেলে ২৫০০ কোটি টাকার প্রকল্পের সড়ক,কালভার্ট, ওভারব্রীজ নির্মাণের কাজ নিদিষ্ট সময়ের মধ্যে সঠিক গুণগতমান অক্ষুন্ন রেখে সুচারুরুপে সম্পন্ন করা সম্ভব হবে।

১.১৪: ১৫নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন নগরীর রাস্তা ও ফুটপাত অবৈধ দখলমুক্ত রাখতে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশকে আরো জোরালো ভূমিকা রাখার আহবান জানান।

১.১৫: চট্টগ্রাম সিটি কর্পোশেনের মাননীয় মেয়রের একান্ত সচিব ও ভারপ্রাপ্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা জনাব মুহাম্মদ আবুল হাসেম বলেন ,মাননীয় মেয়রের উদ্দ্যোগে আধুনিক পরিবেশ বান্ধব নান্দনিক চট্টগ্রাম নগরী গড়ে তোলার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক নগরীর বিভিন্ন স্থান,রাস্তা, ফুটপাত থেকে অবৈধ স্থাপনা, ভাসমান দোকান উচ্ছেদ কার্যক্রম চলমান রয়েছে। তিনি এ সব স্থানে বিশেষ করে চকবাজার ,বায়েজীদ এলাকায় সৌন্দর্যবর্ধনকারী বৃক্ষ রোপন করে বাগান সৃজন করার জন্য প্রকৌশলবিভাগসহ সংশ্লিষ্ট বিভাগ সমূহের সহযোগিতা কামনা করেন। তিনি উচ্ছেদ পরবর্তী মনিটরিংয়ের জন্য সংশ্লিষ্ট থানাকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি নিউ মার্কেট মোড় ও আগ্রাবাদ এলাকার ফুটপাত অবৈধ দখলমুক্ত করার জন্য তাদের বিকল্প ব্যবস্থাপূর্বক জেলা প্রশাসন, র‌্যাব ও পুলিশ সমন্বিতভাবে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করলে সফলতা অর্জন সম্ভব হবে মর্মে অভিমত প্রকাশ করেন।

১.১৬: সভার সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রাম নগরীকে একটি নান্দনিক নগরী হিসাবে গড়তে হলে সকল সেবা সংস্থা ও বিশেষজ্ঞদের পরামর্শ এবং সহযোগিতা প্রয়োজন। চসিকের নির্বাচিত কাউন্সিলর, জনপ্রতিনিধিকে নাগরিক সমাজের যে কোন সমস্যার জবাবদিহিতা করতে হয়। তাই নগরীর প্রতিটি উন্নয়ন কাজে তাদের সম্পৃক্ত করা ছাড়া কোন বিকল্প নেই।

সভাপতি বলেন, জলাবদ্ধতা নিরসন ও এলিভেটেড এক্সপ্রেস ওয়ের যে কাজ চলমান আছে সেখানে অনেক সমস্যা দৃশ্যমান হচ্ছে।এই সমস্যাগুলো সমাধানকল্পে জরুরী ভিত্তিতে সমন্বয় সভার আয়োজন করা হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

সভাপতি চসিকের রাজস্ব আয় বৃদ্ধির ব্যাপারে বন্দর, কাষ্টম থেকে যে কর আদায় করার পরিকল্পনা আছে তা বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সাথে পত্র প্রেরণসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

তিনি জানান, দুই হাজার পাঁচশত কোটি টাকার সড়ক, কালভার্ট,ওভারব্রিজ উন্নয়ন প্রকল্প সম্পূর্ন সরকারী ব্যয়ে সম্পন্ন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী যে বরাদ্দ দিয়েছেন তা বাস্তবায়নের জন্য নতুনভাবে প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়েছে। তার অভিজ্ঞতার আলোকে এই উন্নয়ন প্রকল্পগুলো গুণগতমান বজায় রেখে যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হবে।

তিনি নগরীতে ম্যাজিষ্ট্রেট ও পরিচ্ছন্ন বিভাগ কর্তৃকপরিচালিত অবৈধ দখল উচ্ছেদ অভিযান আরো জোরদার করার আহবান জানিয়ে উচ্ছেদকৃত অবৈধ স্থাপনাসমুহ যাতে পুন:দখল হতে না পারে সেই লক্ষ্যে সৌন্দর্য বর্ধনকারীবৃক্ষ রোপন ও বেষ্টনী নির্মাণ করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। এছাড়া স্থানীয় থানা সমুহের মাধ্যমে তদারকী জোরদারের ব্যবস্থা নিতে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার বরাবর পত্র প্রেরণের নির্দেশনা দেন।

সভাপতি আরো বলেন, চট্টগ্রাম ওয়াসা বিনা অনুমতিতে নগরীতেসড়ক কর্তন করলে সংশ্লিষ্ট গ্রাহক , চসিক ও ওয়াসার কর্মকর্তাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি ক্ষোভের সাথে বলেন, পতেঙ্গা, হালিশহর, কাট্টলীসহ যেসব উপকূলীয় ওয়ার্ড আছে সেখানে খাওয়ার পানি সংকট তীব্রতর। বিষয়টি সর্ম্পকে চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষকে বারবার অবগত করা হলেও তারা যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন নাই। তিনি অবিলম্বে উপকুলীয় ওয়ার্ডগুলোতে খাবার পানি সংকট নিরসনের ব্যবস্থা গ্রহণের জন্য চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

সভাপতি ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রকোপ রোধে ওয়ার্ড কাউন্সিলরদের সমন্বয়ে জনসচেতনতামুলক ক্যাম্পেইন ও এডিস মশার উৎপত্তি স্থান ধ্বংস এবং নিয়মিতভাবে মশার ওষুধ ছিটানোর জন্য ক্র্যাশ প্রোগ্রাম অব্যাহত রাখার নির্দেশ দেন।

এছাড়াও মেয়র নগরীর যে সব স্থানে এলইডি টেলিভিশন স্থাপনের মাধ্যমে অবৈধ ব্যবসা পরিচালনা করছে তাদের তালিকা তৈরী করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদান করেন। প্রকৌশলীদের উদ্দেশ্যে সেবক কলোনীর বহুতল ভবন নির্মাণ কাজ ও বাস টার্মিনাল প্রকল্প বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে বলেন, এই প্রকল্পগুলোর বাস্তবায়নে যে দীর্ঘসূত্রীতার সৃষ্টি হচ্ছে তাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিব্রতকর অবস্থার সম্মুখীন হচ্ছে। এই ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন।

তিনি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক রাস্তা সংস্কারের পর যে সব পোল সরিয়ে নেয়া হয়নি তা অতি দ্রুত সরিয়ে নিতে এবং আগ্রাবাদসহ নগরীর বিভিন্ন এলাকায় পরিত্যক্ত বৈদ্যুতিক পোলগুলো নালার উপর রাখার কারণে পানি চলাচলে যে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে তা দুরীকরণে ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা দেন।

সভাপতি নগরীর সকল সেবাদানকারী সংস্থাকে সাধারণ সভায় তাদের সম্পর্কিত আলোচিত সমস্যাবলী নিরসনে গৃহিত কার্যকর পদক্ষেপসম্পর্কে পরবর্তী সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের আহবান জানান এবং সকলের অর্পিত দায়িত্ব সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি ০১ ঃ গত ২৮আগষ্ট ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৯তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৮আগস্ট২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৯ তম সাধারণ সভার কার্যবিবরণী প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৯ তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত এবং বিভিন্ন সংস্থার কার্যক্রমের বিষয়ে আলোচনা।**

**৩:১:ঃপ্রকৌশল বিভাগ**

**<u>৩:১.১:ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ</u>**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন সেবা সংস্থা,যেমন চট্টগ্রাম ওয়াসা, বিটিসিএল, কর্ণফুলী গ্যাস, পানি,টেলিফোন ও ক্যাবল লাইন সংযোগ ইত্যাদি কার্যক্রম পরিচালনার্থে সড়ক কর্তন অপরিহার্য। সেই হিসাবে বর্তমানে বিদ্যমান কর্তন | ১। ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সড়ক প্যাটার্ন একইরকম হওয়ায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ঢাকা মহানগরীর 'সড়ক খনন নীতিমালা ২০১৯' অনুসরণ পূর্বকসড়ক কর্তন ফি নির্ধারণের বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>২। ওয়াসা কর্তৃক অনুমতিবিহীন রাস্তা কর্তন করলে চসিকের সংশ্লিষ্ট এলাকার দায়িত্বশীল সুপারভাইজার ও প্রকৌশলীর বিরুদ্ধে ব্যবস্থা নিতে | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| ফি যাহা অন্যান্য সংস্থা হইতে গৃহীত হয় তাহা বর্তমান বাজার দর অনুযায়ী সময়োপযোগী না হওয়ায় অত্র সংস্থা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে বিধায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় সড়ক কর্তন ফি বর্ধিতকরণ এবং **প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) সম্পর্কিত** সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | হবে এবং ওয়াসার সংশ্লিষ্ট ঠিকাদার/ গ্রাহকের বিরুদ্ধে মামলা করতে হবে।<br><br>৩। জলাবদ্ধতা নিরসন ও এলিভেটেড এক্সপ্রেসওয়ের যে কাজ চলমান আছে সেখানে বিদ্যমান সমস্যা সমাধানকল্পে জরুরি সভা আয়োজন করতে হবে।<br>৪। উচ্ছেদকৃত অবৈধ স্থাপনাসমূহ যাতে পুনঃদখল হতে না পারে সেজন্য বাগান তৈরি অথবা ফেন্সিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। সেবক কলোনী, বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের দীর্ঘ সূত্রিতা যাতে কাটানো যায় সেজন্য জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। মাননীয় মেয়র মহোদয়ের কার্যালয়ে প্রতি সপ্তাহের শেষ কার্যদিবসে প্রকৌশল বিভাগেরঅধীনে বাস্তবায়নাধীন কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতি পর্যালোচনাসভার আয়োজন করতে হবে।<br><br>৭। নিরবচ্ছিন্নভাবে প্যাচওয়ার্ক কার্যক্রম সম্পাদনের নিমিত্তে কমপক্ষে ০২( দুই) টি এ্যাসফল্ট প্ল্যান্ট সর্বদা সচল থাকার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৮। ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া আগামী ডিসেম্বরের মধ্যে শেষ করে শুকনো মৌসুমের নির্ধারিত সময়ের মধ্যেই সড়ক উন্নয়নের কাজ শেষ করার কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৯। ওয়াসার ঠিকাদার কর্তৃক রাস্তা কর্তনের ক্ষেত্রে অনুমতি পত্রে নিদিষ্ট সময়সীমা অতিক্রম হলে ওয়াসা কর্তৃক পুনরায় অনুমতি পত্র গ্রহন পূর্বক রাস্তা কর্তন করতে হবে।<br>১০। সিএমপি'র সাথে যোগাযোগ পূর্বক আখতারুজ্জামান ফ্লাইওভারের নিচে (জিইসি পয়েন্ট), পিসি রোড ও উপযুক্ত সড়ক সমূহে পে-পার্কিং ব্যবস্থা চালুকরনে কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>১১। পিসি রোডে ডিভাইডার দিয়ে আলাদা লেইন তৈরি করে ধীরগতির যানবাহন গুলো নিরাপদে চলাচলের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>১২। সড়কের ফুটপাত ভেঙ্গে অবৈধ ভাবে গাড়ি চলাচলের রাস্তা করলে জরিমানার আওতায় আনতে হবে।<br>১৩। নগরের সকল ভাঙ্গা ফুটপাত দ্রুততার সাথে মেরামত করতে হবে। এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মাস ওয়ারী মাননীয় মেয়র বরাবর দাখিল করতে হবে।<br>১৪। চসিক এলাকায় ফুটপাত মেরামতের জন্য সম্মানিত কাউন্সিলর হতে ওয়ার্ড ভিত্তিক তালিকা সংগ্রহ করতে হবে। | | |

<u>৩:১:২ঃ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| ১। গত ১৪সেপ্টেম্বর ২০২২খ্রিঃ সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সভায় শারদীয় দূর্গাৎসবের ৪১টি ওয়ার্ডের পূজা মন্ডপ সমূহে অনুদান প্রদান ও পতেঙ্গা সমুদ্র সৈকতে | ১।(ক) পতেঙ্গা সমুদ্র সৈকতে বিসর্জন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা, ডেকোরেশন, মাইক, অতিথি, শিল্পী, নিরাপত্তা কর্মীসহ অন্যান্যদের আপ্যায়নের বাবদ পূর্বের ন্যায় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দকরতে হবে । । সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগ পতেঙ্গায় রাস্তা সংস্কার ও সিড়ি নির্মাণ পূর্বক বিসর্জনের সুব্যবস্থা করবেন।সংশ্লিষ্ট সম্মানিত ৪১নং ওয়ার্ড কাউন্সিলর বিসর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়ে সমন্বয় করবেন।<br>(খ) মোহরা কালুরঘাট এবং শ্মশান ঘাট (নেভাল-২), ২ টি স্থানে গতবছরের ন্যায় ৭৫,০০০/- টাকা | ৪১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br><br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী(ডিভিশন-৭) | সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| বিসর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়ে আলোচনাহয়। | করে ব্যয়ে সংশ্লিষ্ট কাউন্সিলরের সার্বিক তত্ত্বাবধানে বিসর্জন অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা করতে হবে।<br>(গ) নিরাপত্তা ও অন্যান্য বিষয়ে মেয়র মহোদয়ের নির্দেশনা মতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| ২। গত ১৪সেপ্টেম্বর ২০২২খ্রি সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সভায় পবিত্র ঈদ-এ-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপনের বিষয়ে আলোচনা হয়। | ২। (ক) ১২ই রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি, ০৯ ই অক্টোবর ২০২২ খ্রিঃ পবিত্র ঈদ-এ-মিল্লাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন উপলক্ষে খতমে কোরআন, মিলাদ-মহফিল, বিশেষ মোনাজাত ও তবারুক বিতরণসহ যথাযোগ্য মর্যাদায় পালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মাননীয় মেয়র মহোদয়ের সিদ্ধান্ত ও নির্দেশনা মতে সুনির্দিষ্ট সময়ে নগরীর নির্ধারিত (এক বা একাধিক) কমিউনিটি সেন্টারএ বিগত বছরের ন্যায় মেজবান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) এছাড়াও প্রতি বারের ন্যায় ১২ই রবিউল আউয়াল নগর ভবনসহ ও কর্পোরেশনের মসজিদ সমূহে আলোকসজ্জার ব্যবস্থা করণ ওপ্রধান ভবণের সম্মুখসহ নগরীর আন্দরকিল্লা, টাইগারপাস, কাজির দেউড়ী ও মুরাদপুর ৪টি স্থানে গেইট নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সম্মানিত সভাপতি ও সদস্যবৃন্দ, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার ষ্ট্যান্ডিং কমিটি<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>প্রধান শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিভিশন-৭)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>নির্বাহী প্রকৌশলী-১,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>জনসংযোগ কর্মকর্তা,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>তত্ত্বাবধয়ক প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>উপসচিব, সমাজকল্যাণ ও সাংস্কৃতিক কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>মাদ্রাসা পরিদর্শক<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত |

**৩:১:৩ঃ প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) পার্শ্বোক্তি অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। বর্তমানে প্রতি ওয়ার্ডে ১(এক) জন সড়ক সুপারভাইজার নিয়োজিত থাকায় উন্নয়ন কাজ তদারকীতে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে বিধায় প্রতি ওয়ার্ডে দুই জন নতুন সুপারভাইজার পদায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া কর্তৃপক্ষের অনুমোদনক্রমে/অন্যান্য বিভাগে কর্মরত নিয়োজিত কর্মচারীদের মধ্যে যাদের সুপারভাইজার পদে কাজ চালাইবার যোগ্যতা রয়েছে (যোগ্যতা যাচাই সাপেক্ষে) তাদেরকে ওয়ার্ডে বিদ্যমান সুপারভাইজারের সাথে স্ববেতনে সুপারভাইজার হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ক) সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২। চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনে ট্রাফিক বিভাগের সাথে অত্র কর্পোরেশনের সমম্বয় করে সুশৃঙ্খল গণপরিবহন ব্যবস্থা বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৩। চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনে ট্রাফিক বিভাগের সাথে অত্র কর্পোরেশনের সমম্বয় করে সুশৃঙ্খল গণপরিবহন ব্যবস্থা বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ৪। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কতিপয় শিক্ষা প্রতিষ্ঠানের ভবনের সিলিং ব্যবহার যোগ্য করার বিষয়ে প্রতিষ্টান প্রধান কর্তৃক আবেদন করেছেন। তদমধ্যে বর্তমানে কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, রেলওয়ে হাসপাতাল কলোনী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজে পাঠদান কার্যক্রম চলা অবস্থায় ও বিভিন্ন সময়ে শ্রেণি কক্ষসহ অন্যান্য কক্ষের ছাদের আস্তর (প্লাস্টার) খসে পড়ার কারণে দূর্ঘটনা ঘটার সম্ভাবনার প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে উক্ত কার্যাদি সম্পাদনের জন্য অত্র কর্পোরেশনের প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন খ)প্রধান শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৫। নগরীর ফুটপাতের ভাঙ্গা রেলিং, গ্রীল ও সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপিত বিনষ্ট বেষ্টনীগুলো পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০৭/২০২২ তারিখের ১৮তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৬। নগরীতে নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ছাড়পত্র বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৭। জলাবদ্ধতার মেগা প্রকল্পভূক্ত এলাকাসহ নগরীর ঝুঁকিপূর্ণ সব খাল নালায় ১৫ (পনের) দিনের মধ্যে নিরাপত্তা বেষ্টনী/স্ল্যাব/নিদের্শক চিহ্ন স্থাপন করতে হবে এবং ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত করতে হবে। | ঐ | ঐ |
| | ৮। ২৫০০ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় সড়ক উন্নয়নের জন্য কাউন্সিলরদের প্রায়োরিটি তালিকা মাননীয় মেয়র বরাবর প্রেরণ করতে হবে। | ঐ | ২৮/১০/২০২১ তারিখের ৯ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৯। ২নং গেইট এলাকার জলাবদ্ধতার কারণ নিরূপনএবং সমাধানে করণীয় বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ঐ | ২৯/০৫/২০২২ তারিখের ১৬তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১০। ওয়ার্ড ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা(সার্বিক) সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরসহ প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১১। চসিকের আওতাধীন এলাকায় রোড কার্টিং এর ফি বৃদ্ধি বিষয়ে প্রকৌশল বিভাগের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে পুন: পত্র দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১২। নগরীর সড়কে ও ফ্ল্যাইওভারের নিচে উপযুক্ত স্থানে পে-পার্কিং চালুকরণের বিষয়ে সিএমপির সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১৩। সেবক কলোনী নির্মাণ, রাস্তা ও ট্রাক টার্মিনাল নির্মাণ, বারইপাড়া খাল খনন ও ২৫০০ কোটি টাকার সড়ক, ওভারব্রীজ নির্মাণ প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আকারে উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ঐ | |

প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)

৩:১:৫ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সর্ম্পকিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। যান্ত্রিক শাখার সকল পরিবহন গুলো মাদারবাড়িস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর গ্যারেজে রক্ষণাবেক্ষণ ও মেরামত নিশ্চিত করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ব্যবহৃত বিভিন্ন ভারি যানবাহন ও পরিচ্ছন্নতা বিভাগের ড্রাম ট্রাক সমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যলয় সড়কে পার্কিং থেকে বিরত থাকতে হবে।<br>৩। অত্র সিটি কর্পোরেশনের যে সকল ত্রুটিযুক্ত নিজস্ব আবর্জনাবাহী গাড়ী রয়েছে সেগুলো দ্রুত মেরামত ও রং করে ব্যবহার উপযোগী করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:১:৭ঃ প্রকৌশল বিভাগের (যান্ত্রিক শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখার পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | চাহিদা নির্ধারণ ও মাননীয় মেয়র কর্তৃক অনুমোদনের পর বিভিন্ন সাইজের টায়ার টিউব ও ব্যাটারী বাৎসরিক ভিত্তিতে ইজিপিতে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয় | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২০টি এমএস নতুন কন্টেইনার তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ব্যয় প্রাক্কলন প্রস্তুত পূর্বক সংস্থার আর্থিক সংগতি বিবেচনায় সরকারের নীতিমালা / সার্কুলার অনুসরণে ৪১টি ইঞ্জিন ট্রলি ক্রয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:১:৮ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎশাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
